

## পুরনো পদ্ধতির প্রশ্নপত্রে পরীক্ষা দিল সৃজনশীলের ৫৪ পরীক্ষার্থী

বান্দরবান প্রতিনিধি •

বান্দরবানে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় (জেএসসি) সৃজনশীলের ৫৪ পরীক্ষার্থী শিক্ষকের ভুলে পরীক্ষা দিল। ২০১৩ সালের পুরনো পদ্ধতির প্রশ্নপত্রে। বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে গত রোববার গণিত পরীক্ষায় পাঁচটি বিদ্যালয়ের পরীক্ষার্থীরা শিক্ষকদের ভুলের মাশুল দিয়েছেন। পুরনো পদ্ধতির প্রশ্নপত্রে পরীক্ষা দেওয়ায় পরীক্ষার্থী এবং অভিভাবকরা ফলাফল খারাপের দৃষ্টিতে ভুগছেন।

দায়িত্বরত শিক্ষকদের প্রশ্নপত্রের বিষয়ে জানালেও শিক্ষকরা গুরুত্ব না দিয়ে পুরনো পদ্ধতির প্রশ্নপত্র ঠিক আছে বলে পরীক্ষার্থীদের ধমক দেন বলে অভিযোগ পরীক্ষার্থীদের। বান্দরবান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হরি শংকর দাশ জানান, সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে তাদের (বালিকা উচ্চ বিদ্যালয়ের) ৩৮ জনসহ পাঁচটি বিদ্যালয়ের ৫৪ পরীক্ষার্থী ভুলক্রমে সৃজনশীলের পরিবর্তে পুরনো পদ্ধতির প্রশ্নপত্রে পরীক্ষা দিয়েছেন। অন্য বিদ্যালয়গুলো হচ্ছে- রেইছা উচ্চ বিদ্যালয়, বিলকিছ বেগম উচ্চ বিদ্যালয়, কালেক্টরেট স্কুল এবং চিমুক জুনিয়র উচ্চ বিদ্যালয়।

পুরনো পদ্ধতির প্রশ্নপত্রে পরীক্ষা দেওয়ায় ছাত্রছাত্রীদের পরীক্ষার ফলাফল খারাপ হওয়ার শঙ্কা রয়েছে। আমরা বিষয়টি প্রশাসন ও শিক্ষা বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাদের অবগত করেছি।

চট্টগ্রাম বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাহাবুব হাসান সমস্যার কথাটি শুনে পরীক্ষার্থী ৫৪ জন ছাত্রছাত্রীদের রেজিস্ট্রেশন-রোল নম্বর পাঠাতে বলেছেন। বোর্ড কর্মকর্তারা পরীক্ষার্থী ছাত্রছাত্রীদের কথা চিন্তা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন।